



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৬১৮/নতুন/কিশ/ ৩৫৭

তারিখ : ২৫/৬/২০২৪

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/০৫/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০২৬.১৭(অংশ) ২৪৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত মোট ৩ (তিনি) বছরের জন্য নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি সহ ২০২১ সনের অষ্টম শ্রেণি অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন অনুমতি প্রদান করা হলো।

## শর্তসমূহ

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্থাকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়তে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষার্মান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্লীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১০। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞ্জ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

আলোর দিশারী ডিজিটাল জুনিয়র স্কুল  
পোঁ- কদমচাল, উপজেলা- অষ্টগ্রাম  
জেলা- কিশোরগঞ্জ।

মেমো নং- ৩৫৭(৬)

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অধ্যল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৭। সভাপতি, পরিচালনা কমিটি, আলোর দিশারী ডিজিটাল জুনিয়র স্কুল।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

২৫/৬/২০২৪